

চট্টগ্রাম ভাসিটির
ঘটনায় ভিসিদের
উদ্বেগ

সম্প্রতি অনুষ্ঠিত বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় পরিষদের ভাইস
চ্যান্সেলরদের স্থায়ী কমিটির সভায়
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃঙ্খ-
লার চরম অবনতিতে গভীর উদ্বেগ
প্রকাশ ও সার্বিকভাবে বিশ্ববিদ্যা-
লয়ের শিক্ষাঙ্গনে স্বস্থ পরিবেশ
পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে ঘটনাবলীর
(৪র্থ পৃঃ ডঃ

চট্টগ্রাম ভাসিটির
(৩য় পৃঃ পর)

সঙ্গে জড়িত দোষী ব্যক্তিদের
চিহ্নিত করিয়া শাস্তিপ্রদানের জন্য
কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান
হয়। সভায় উল্লেখ করা হয়
যে, বিশ্ববিদ্যালয়ের গঠনতান্ত্রিক
পদ্ধতিতে নিযুক্ত যে কোন ভাইস
চ্যান্সেলরের অপসারণের দাবী
সম্পূর্ণ অযৌক্তিক ও অসাংবি-
ধানিক।

এছাড়াও সম্প্রতি অনুষ্ঠিত
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষ-
দের বার্ষিক সভায় শাহজালাল
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ
সদরুদ্দিন আহমেদ চৌধুরীকে
পরিষদের চেয়ারম্যান ও প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলর
অধ্যাপক ডঃ মোশাররফ হোসেন
খানকে কোষাধ্যক্ষ নির্বাচন করা
হয়। — প্রেসবিজ্ঞপ্তি